

তর্কবিত্ত

তর্কবিত্ত তর্কবিত্ত তর্কবিত্ত তর্কবিত্ত তর্কবিত্ত তর্কবিত্ত তর্কবিত্ত তর্কবিত্ত
তর্কবিত্ত তর্কবিত্ত তর্কবিত্ত তর্কবিত্ত তর্কবিত্ত তর্কবিত্ত তর্কবিত্ত তর্কবিত্ত

গতকাল ভোলা জেলা পরিষদ মিলনায়তনে বেসরকারী সংস্থা কোস্ট ট্রাস্ট ও বিডার যৌথ উদ্যোগে জেলার মনরবাধিকার পরিস্থিতি সম্পর্কিত এক পর্যালোচনা সভার আয়োজন করা হয়। সাংবাদিক ও সমাজকর্মী মোবাস্শের উল্লাহ চ্যোঁধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এ্যাডভোকেট সুলতানা কামাল। বিশেষ অতিথি ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ বেলায়াত হোসেন, জেলা পুলিশ সুপার জিএম আজিজুর রহমান।

প্রধান অতিথির বক্তব্যে সুলতানা কামাল বলেন, আজ ভোলা জেলার গত ৬ মাসের মানবাধিকার লঙ্ঘনের যে চিত্র দেখলাম তা খুবই দুঃখজনক। তবে এ ধারণা পত্রে যে বিষয়গুলো উঠে এসেছে তাতে আমার মনে হয় মানবাধিকার লঙ্ঘন ও অপরাধ এক করে ফেলা হয়েছে। কেননা সব অপরাধেই মানবাধিকার লঙ্ঘিত হয় না। যেখানে মানুষ হিসেবে একজন মানুষের অধিকারকে অস্বীকার করা হয়; তার বিকশিত হতে বাধা দেওয়া হয় সেখানেই মানবাধিকার লঙ্ঘিত হয়। ক্ষুধা ও দুর্ভিক্ষ যেখানে অবস্থান করে সেখানে মানবাধিকার ও গনতন্ত্র থাকতে পারে না। পেশী শক্তির ব্যবহার, রাজনৈতিক দুর্বৃত্তায়ন ও ক্ষমতার মোহ মানুষকে দুর্নীতির পথে নিয়ে যায়। তাই আমাদের পরিবার থেকে শুরু করে সমাজ ও রাষ্ট্রীয় পর্যায়ে দুর্নীতি ও অন্যায়ের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। জাগ্রত করতে হবে মানুষের বিবেককে। তাই আসুন দল মত নির্বিশেষে মানবাধিকার প্রতিষ্ঠায় এক যোগে কাজ করি।

সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন কোস্ট ট্রাস্ট সংগঠিত জনসংগঠন নেত্রী মাসুমা বেগম, সাবেক পিপি মোঃশাহজাহান, বর্তমান সংলাপ এর কলামিস্ট মহিউদ্দিন মাসুম জনি, সাধারণ সম্পাদক জাপা (নাফি)-আনোয়ার হোসেন, জেলা আওয়ামীলীগের সভাপতি মজনু মোল্লা, জেলা বিএনপির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খান, দৈনিক যুগান্তরের জেলা প্রতিনিধি অমিতাভ রয় অপু, কোস্ট ট্রাস্টের উপ-পরিচালক সনত কুমার ভৌমিক, মানবাধিকার কর্মী ও আইন শালিস কমিটির সদস্য সুপ্রিয় চক্রবর্তী। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কোস্ট ট্রাস্টের মানব সম্পদ উন্নয়ন বিভাগের প্রধান মোস্তফা কামাল আকন্দ। জেলা মানবাধিকার লঙ্ঘন পরিস্থিতির উপর একটি প্রতিবেদন ভিডিও ফুটেজের মাধ্যমে উপস্থাপনা করেন কোস্ট ভোলা অঞ্চলের টীম লিডার-মোফাজ্জেল হক আল আমিন।

সভায় জনপ্রতিনিধি, ইলেকট্রনিক্স ও প্রিন্ট মিডিয়া কর্মী, সরকারী কর্মকর্তা, এনজিও কর্মকর্তা, সুশীল সমাজের প্রতিনিধি, শিক্ষক ও জেলার সাতটি উপজেলা থেকে আগত তুনমুল নারী নেত্রীসহ বিভিন্ন শ্রেণী ও পেশার লোক উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সমন্বয় করেন বিডার নির্বাহী পরিচালক আক্তার হোসেন লিটন।

বার্তা প্রেরক # আবুল আহসান